# ধামরাই সরকারি কলেজ

একাদশ  অর্ধ-বাষিক পরীক্ষা-২০২৩

বিষয় :- হিসাববিজ্ঞান এ্যাসাইনমেন্ট

পূর্ণমান :- ৭০

১। মি. আঃ হালিম এর ৩১ডিসেম্বর, ২০২১ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :-

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| উত্তোলন | ৮,০০০ | মূলধন | ৫,০০,০০০ |
| মজুরি ও বেতন | ৫,০০০ | সেবা আয় | ৮০,০০০ |
| বিমা সেলামী | ১২,০০০ | অনুপার্জিত  সেবা আয় | ১০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | প্রদেয় হিসাব | ৩৫,০০০ |
| ১০%বিনিয়োগ (১-৬-২০২১) | ২,০০,০০০ | বকেয়া বেতন | ৫,০০০ |
| হাতে নগদ | ৩,৪০,০০০ | | |
| মনিহারী খরচ | ২৫,০০০ | | |
| | ৬,৩০,০০০ | | ৬,৩০,০০০ |

**অন্যান্য তথ্যাবলী :-** ১) অনুপার্জিত  সেবা আয়ের ৪,০০০ টাকা অর্জিত হয়েছে। (২) বছরের শেষে অব্যবহৃত মনিহারী ১২,০০০ টাকা (৩) মূলধনের উপর ১০% সুদ ধরতে হবে (৪) বিজ্ঞাপন বাবদ ২,৫০০ টাকা খরচ হয়, যা হিসাবভূক্ত হয়নি (৫) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ১০,০০০ টাকা।

ক) নিট সেবা আয়ের পরিমাণ কত? ২

খ) আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। পিয়ারু দি গ্রেট ষ্টোর এর ৩১ডিসেম্বর, ২০২২ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :-

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৬০০০০ | মূলধন | ২৯১০৮ |
| পণ্য ক্রয় (১৫% ভ্যাট সহ) | ১৭৫৯৫৮ | বিক্রয় (১৫% ভ্যাট সহ) | ৪৮৭৯০০ |
| বেতন | ২০০০০ | ক্রয় ফেরত | ৪০০০ |
| প্রাপ্য হিসাব | ১৭৭০৫০ | প্রদেয় হিসাব | ১০৪০০ |
| বিক্রয় ফেরত | ৮০০০ | কমিশন আয় | ৩০০০ |
| বীমা প্রিমিয়াম | ৩০০০ | | |
| কমিশন | ৪২০০ | | |
| পরিবহণ | ১০০০০ | | |
| বিজ্ঞাপন | ১১০০০ | | |
| নগদ তহবিল | ৬০০০০ | | |
| ভ্যাট চলতি হিসাব | ৫২০০ | | |
| | ৫৩৪৪০৮ | | ৫৩৪৪০৮ |

**সমন্বয় সমূহ :-** ১) সমাপনী মজুদ ৫৫০০০ টাকা (২) পণ্য বিক্রয় হিসাবভূক্ত হয়নি ১০০০০ টাকা (৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩০০০ টাকা যা হিসাবভূক্ত হয়নি (৪) প্রাপ্য হিসাবরেব ৫০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরী কর (৫) বিজ্ঞাপন খরচের ৪/৫ অংশ বিলম্বিত কর।

ক) ক্রয় ভ্যাটের পরিমাণ নির্ণয় কর। ২

খ) সমাপ্ত বছরের মোটআয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) নীট আয় ২১৪৪৭৫টাকা ধরে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিররণী তৈরী কর। ৪

৩। মি. নয়ন একজন ব্যবসায়ী। ২০২২ সালের জুন মাসে তার ব্যবসায়ে বিভিন্ন ঘটনা নিম্নরূপ :-

| | | |
|---|---|---|
| জুন | ১ | ১২০০০ টাকা বেতন প্রদান সাপেক্ষে একজন ম্যানেজার নিয়োগ করা হলো। |
| ” | ৭ | রাজন ব্রাদার্সের নিকট ধারে পণ্য বিক্রয় ৩০০০০ টাকা। |
| ” | ১২ | নগদে কাগজ, কালি ও পেন্সিল ক্রয় ৫০০ টাকা। |
| ” | ২০ | প্রাপ্য হিসাবের ৫০% টাকা পাওয়া গেল। |
| ” | ২৫ | অফিস ভাড়া প্রদান করা হলো ৪০০০ টাকা। |
| ” | ২৮ | মালিকের আয়ের উপর ৭০০০ টাকা আয়কর ধার্য করা হলো। |
| ” | ৩০ | ব্যক্তিগত তহবিল হতে ১০০০০ টাকা দিয়ে মেয়ের জন্য উপহার ক্রয় করা হলো। |

**করণীয় :-** ক) যে সকল ঘটনা লেনদেন নয় তার পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপরিউক্ত লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা কর। ৪

গ) লেনদেনগলোর উপর হিসাব সমীকরণেরে প্রভাব ছকের মাধ্যমে উপস্থাপন কর। ৪

৪। ২০২২ সালের নভেম্বর মাসের ৩০ তারিখে জনাব মোমেন এর নগদ ও ব্যাংক সংক্রান্ত তথ্য নিম্নে উপস্থাপন করা হলো :-

১) ৩০ নভেম্বর ২০২২ তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২৩৫০০ টাকা।

২) ৪৫০ টাকা, ১৫০০ টাকা, ২০০০ টাকা ও ১০০০ টাকার ৪টি ইস্যুকৃত চেক, যার মধ্যে ২য় চেকটি নির্ধারিত সময়ের মধ্যে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।

৩) ১৮০০ টাকা, ১০০৫০টাকা ও ২৫০০ টাকার তিনটি আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে ১ম চেকটি আদায় হয়েছে।

৪) ব্যাংক কর্তৃক দেনাদার থেকে সরাসরি আদায় ৫৫৭০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

৫) গৃহ নির্মাণ ঋণের কিস্তি বাবদ ৩৫০০ টাকা ব্যাংক কর্তৃক প্রদত্ত হয় যা নগদানভূক্ত হয়নি।

৬) ব্যাংক ১৪৫০ টাকা সুদ মঞ্জুর করে এবং ৫৫০ টাকা চার্জ ধার্য করে যার কোনটি নগদানভূক্ত হয়নি।

ক) বকেয়া চেক ও অনাদায়ী চেকের পরিমাণ নির্ণয় কর। ২

খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ) জনাব মোমেনের ব্যাংক সমন্বয় বিবরণী তৈরী কর। ৪

৫। নীল, আকাশ এবং শুভ্র একটি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ - লোকসান বন্টন অনুপতি যথাক্রমে ৩ঃ২ঃ১। ২০১৮ সালের ১লা জানুয়ারী তাদের মূলধন ছিল , নীল ২০০০০০ টাকা, আকাশ

১৫০০০০ টাকা এবং শুভ্র ২০০০০০ টাকা। মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। নীল প্রত্যেক মাসের শুরুতে তারিখে ৫০০০ টাকা, আকাশ প্রত্যেক মাসের মাঝামাঝি ৪০০০ টাকা এবং শুভ্র প্রতিমাসের শেষ তারিখে ৩০০০ টাকা নগদ উত্তোলন করে। আকাশের প্রত্যেক মাসে ৬০০ টাকা করে বেতন পাবে যা তিনি নগদে গ্রহণ করেন। ১৫ মে, ২০১৮ তারিখে শুভ্র কারবারের প্রয়োজনে ৫০০০০ টাকা ঋণ সরবরাহ করেন। আকাশের বেতন সমন্বয়ের পর ৩১ ডিসেম্বর, ২০১৮ সালের নীট লাভের পরিমান দাড়ায় ২০০০০০টাকা।

ক) অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ ও ঋণের সুদ নির্ণয় কর।
২
খ) লাভ লোকসান বন্টন হিসাব প্রস্তুত কর।
৪
গ) অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর।
৪

৬। ধামরাই সবুজ সংঘ-এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য প্রস্তুত প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হল :-

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১/১/২০২২) | ২৪০০০ | আসবাবপত্র | ১৫৫০০ |
| চাঁদা :- ২০২১ | ৪৫০০ | ভাড়া (তিন চতুর্থাংশ) | ৯০০০ |
| ২০২২ | ৩২৫০০ | বেতন | ১৫০০০ |
| ২০২৩ | ৩০০০ | কর ও অভিকর | ৪৮০০ |
| চারণ কর | ৩৬০০ | প্রাঙ্গণ উন্নয়ন ব্যয় | ২০০০০ |
| সঞ্চয় সার্টিফিকেটের সুদ | | বৈদুতিক সংস্থাপন ব্যয় | ৩০০০ |
| (ক্রয় মূল্যের ১০%) | ৩০০০ | বৃত্তি প্রদান | ৫০০০ |
| ম্যাগাজিন বিক্রয় | ১২০০০ | আপ্যায়ন খরচ | ২৫০০ |
| লকার ভাড়া প্রাপ্তি | ৪০০০ | ছাপা খরচ | ৭৫০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ২৪০০ | বার্ষিক ভোজ ব্যয় | ৬০০০ |
| ১২% কর্জ (১/৭/২০২০) | ৩০০০০ | মেরামত খরচ | ১৮০০ |
| উইলকৃত সম্পদ | ৫০০০ | পৌরকর | ১২০০ |
| বৃত্তি তহবিল | ১৮০০০ | উদ্বৃত্ত (৩১/১২/২০২২) | ৪৫৭০০ |
| | ১৩৭০০০ | | ১৩৭০০০ |

১/১/২০২২ তারিখে উদ্বৃত্ত ছিল :- আসবাবপত্র ৫০০০০ টাকা, খেলার সামগ্রী ৩০০০০ টাকা, পুস্তক ২৫০০০ টাকা এবং বকেয়া বেতন ৫০০০ টাকা

**অন্যান্য তথ্য :-**

১। ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪০ জন, বার্ষিক চাদার হার জনপ্রতি ১০০০ টাকা। (২) চারণ কর প্রাপ্তির মধ্যে বিগত বছরের ৬০০ টাকা এবং চলতি বছরের চারণ কর ১০০ টাকা অনাদায়ী রয়েছে। (৩) কর ও অভিকর প্রত্যেক বছর ৩১ মার্চ পর্যন্ত পরিশোধ করা হয়। বার্ষিক কর ও অভিকরের পরিমাণ ৪৮০০ টাকা। (৪) আসবাবপত্রের উপর বার্ষিক ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর। ২
খ) আয়-ব্যয় বিবরণী তৈরী কর। ৪
গ) উদ্বৃত্তপত্র তৈরী কর। ৪

৭। জসিম, জহির ও জামাল মার্চেন্ট এন্ড ট্রেড এর তিন জন অংশীদার। তাদের লাভ-লোকসান বন্টন অনুপাত ছিল ২:২:১। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন, বেতন ও মুনাফার অংশ সমন্বয়সাধনের পর তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৭৪৩৭০ টাকা, ৮৫১৭০ টাকা এবং ৪৭৮৮৫ টাকা। পরবর্তীকালে দেখা গেল অংশীদারদের মলধনের সুদ ও উত্তোলনের সুদ হিসাবভূক্ত করা হয়নি। মূলধন ও নগদ উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। বছরের মাঝামাঝি সময়ে জহির ১০০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য জামাল বার্ষিক ২০০০ টাকা বেতন পাবে। মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ প্রতি মাসের শেষে যথাক্রমে ৮০০ টাকা, ৭০০ টাকা ও ৫০০ টাকা করে উত্তোলন করেন। অংশীদারদের মূলধনের সুদ, উত্তোলনের সুদ সমন্বয়ের পূর্বে কিন্তু জামালের বেতন বাবদ টাকা বাদ দেয়ার পর কারবারের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের মুনাফা ছিল ৪৯৯২৫ টাকা।

ক) প্রারম্ভিক মূলধন ও মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ) লাভ- লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত কর। ৪
গ) অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত কর। ৪